

## তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)  
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ৩৪/২০১৫

অভিযোগকারী : জনাব পান্নালাল বাশফোর  
পিতা-গনেশ চন্দ্র বাশফোর  
ফেয়ার, ৪৫/১ আর এ খাঁন চৌধুরী  
সড়ক, (ছয়রাস্তার মোড়)  
থানাপাড়া, কুষ্টিয়া।

প্রতিপক্ষ : জনাব এস.এম. আবুল হাসান  
গবেষণা ও প্রকাশনা কর্মকর্তা  
ও  
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)  
সমাজসেবা অধিদপ্তর  
আগারগাঁও, ঢাকা।

### সিদ্ধান্তপত্র।

(তারিখ : ১৯-০৩-২০১৫ ইং)

অভিযোগকারী জনাব পান্নালাল বাশফোর ০৩-০৯-২০১৪ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

১. “২০১২-১৩ অর্থ বছরে দলিত ও হরিজন সম্প্রদায়ের জীবন মান উন্নয়ন কর্মসূচি” কোন কোন জেলায় এবং কি কি ধরনে কর্মসূচি নির্ধারণ ছিল, তার তালিকা।
২. ২০১২-১৩ অর্থ বছরে জেলা ভিত্তিক খাত ওয়ারি মোট বাজেট এর পরিমাণ।
৩. এই কর্মসূচি বাস্তবায়নে জাতীয় পর্যায়ে কোন কমিটি হয়ে থাকলে তার নামের তালিকা এবং সিদ্ধান্তসহ মোট মিটিং এর সংখ্যা?

০২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থিত তথ্য না পেয়ে অভিযোগকারী ১৫-১২-২০১৪ তারিখে আপীল কর্মকর্তা, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ০৯-০২-২০১৫ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

০৩। বিষয়টি কমিশনের ২৫-০২-২০১৫ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ১৯-০৩-২০১৫ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

০৪। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব পান্নালাল বাশফোর হাজির। প্রতিপক্ষ জনাব এস.এম. আবুল হাসান, গবেষণা ও প্রকাশনা কর্মকর্তা ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে আবেদন করেন। ইতোমধ্যে তিনি তথ্য প্রাপ্ত হয়েছেন এবং প্রাপ্ত তথ্যে সন্তুষ্ট বিধায় তিনি অভিযোগ প্রত্যাহারের আবেদন করেছেন।

০৫। প্রতিপক্ষ জনাব এস.এম. আবুল হাসান, গবেষণা ও প্রকাশনা কর্মকর্তা ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা তার বক্তব্যে উল্লেখ করেন যে, অভিযোগকারীকে তার প্রার্থিত তথ্য সরবরাহ করা হয়েছে।

(অ: প্: দ্র:)

## পর্যালোচনা

অভিযোগকারীর দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, জনাব এস.এম. আবুল হাসান, গবেষণা ও প্রকাশনা কর্মকর্তা ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা অভিযোগকারীকে তার যাচিত তথ্যাদি সরবরাহ করেছেন এবং অভিযোগকারী তার প্রার্থিত তথ্য প্রাপ্ত হয়েছেন। প্রাপ্ত তথ্যে সন্তুষ্ট হয়ে অভিযোগকারী অভিযোগটি প্রত্যাহারের আবেদন করেছেন বিধায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য হিসেবে গণ্য করা যায়।

## সিদ্ধান্ত।

যেহেতু, জনাব এস.এম. আবুল হাসান, গবেষণা ও প্রকাশনা কর্মকর্তা ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা অভিযোগকারীকে তার প্রার্থিত তথ্য সরবরাহ করেছেন এবং যেহেতু, অভিযোগকারী প্রাপ্ত তথ্যে সন্তুষ্ট হয়ে অভিযোগটি নিষ্পত্তির আবেদন করেছেন, সেহেতু, অভিযোগটি নিষ্পত্তি করা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত/-  
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত/-  
(নেপাল চন্দ্র সরকার)  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত/-  
(মোহাম্মদ ফারুক)  
প্রধান তথ্য কমিশনার